গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়**
আনোয়ারা, চট্টগ্রাম।
তথ্য বাতায়ন : anwara.chittagong.gov.bd

স্মারক নং : ০৫.২০.১৫০৪.০০০.১৬.০০৭.২২-১০৬

তারিখ : ০১/০৩/২০২২খ্রি.

## ১৪২৯ বাংলা সনের হাট-বাজার ইজারা বিজ্ঞপ্তি

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাইতেছে যে, অত্র উপজেলাধীন নিম্নবর্ণিত হাট-বাজারসমূহ ১৪২৯ বাংলা সনের জন্য (১লা বৈশাখ হইতে ৩০ শে চৈত্র পর্যন্ত) ইজারা প্রদানের নিমিত্ত আগ্রহী দরপত্র দাতাদের নিকট হইতে নির্ধারিত ফরমে সীলমোহরযুক্ত খামে নিম্নবর্ণিত শর্তসাপেক্ষে দরপত্র আহবান করা যাইতেছে। দরপত্রের সিডিউলসমূহ নিম্নবর্ণিত সময়সূচি অনুযায়ী অফিস চলাকালীন সময়ে জেলা প্রশাসকের কার্যালয়, স্থানীয় সরকার বিভাগ,চট্টগ্রাম, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়,আনোয়ারা, চট্টগ্রাম, সহকারী কমিশনার (ভূমি),আনোয়ারা, চট্টগ্রাম, এবং সোনালী ব্যাংক লিমিটেড, আনোয়ারা শাখা, চট্টগ্রাম হইতে নির্ধারিত মূল্যে (অফেরতযোগ্য) ক্রয় করা যাইবে । দরপত্রসমূহ নির্ধারিত সময়সূচি অনুযায়ী স্থানীয় সরকার বিভাগ, জেলা প্রশাসকের কার্যালয়, চট্টগ্রাম, সহকারী কমিশনার(ভূমি),আনোয়ারা,চট্টগ্রাম এবং নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়ে রক্ষিত দরপত্র বাক্সে গ্রহণ করা হইবে । ঐদিন বেলা ৩.০০ টায় উপস্থিত দরপত্র দাতাদের সম্মুখে (যদি কেহ উপস্থিত থাকেন) দরপত্র বাক্স খোলা হইবে। উল্লেখ্য যে, কোন পর্যায়ে কোন হাট-বাজারের দরপত্র গৃহীত হইলে পরবর্তী পর্যায়ে ঐ হাট-বাজারের দরপত্র ফরম/সিডিউল বিক্রি করা হইবে না । ইজারা বিজ্ঞপ্তি নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়ের ওয়েবসাইট http:// anwara.chittagong.gov.bd হতে ডাউনলোড করা যাইবে।

### ১৪২৯ বাংলা সনের হাট-বাজার ইজারার ক্যালেন্ডার

| দরপত্রের ক্রম | দরপত্র ফরম বিক্রয়ের শেষ তারিখ ও সময় | দরপত্র ফরম দাখিলের তারিখ ও সময় | দরপত্র বাক্স খোলার তারিখ ও সময় |
|---|---|---|---|
| ১ম দরপত্র | ১৫/০৩/২০২২ খ্রি. বিকাল ৫.০০টা পর্যন্ত | ১৬/০৩/২০২২ খ্রি. বেলা ১.৩০টা পর্যন্ত | ১৬/০৩/২০২২ খ্রি. বিকাল ৩.০০টা |
| ২য় দরপত্র | ২৩/০৩/২০২২ খ্রি বিকাল ৫.০০টা পর্যন্ত | ২৪/০৩/২০২২ খ্রি বেলা ১.৩০টা পর্যন্ত | ২৪/০৩/২০২২ খ্রি. বিকাল ৩.০০টা |
| ৩য় দরপত্র | ৩০/০৩/২০২২ খ্রি. বিকাল ৫.০০টা পর্যন্ত | ৩১/০৩/২০২২ খ্রি.বেলা ১.৩০টা পর্যন্ত | ৩১/০৩/২০২২ খ্রি. বিকাল ৩.০০টা |

### হাট-বাজারসমূহের তালিকা

| ক্র: নং | হাট-বাজারের নাম | অবস্থান (ইউনিয়নের নাম) | ১৪২৬ বাংলা সনের ইজারা মূল্য | ১৪২৭ বাংলা সনের ইজারা মূল্য | ১৪২৮ বাংলা সনের ইজারা মূল্য | ১৪২৯ বাংলা সনের সরকারি মূল্য | দরপত্র ফরমের মূল্য |
|---|---|---|---|---|---|---|---|
| ১ | মহালখান বাজার (কাফকোর আবাসিকের সম্মুখস্থ বাজারসহ) | ১নং বৈরাগ | =৭,৭৭,৭৭৭/- | =৯,০১,১১১/- | =১০,৮১,০০০/- | =৯,৭৫,১৬০/- | ২৬০০/- |
| ২ | মিন্নত আলী দোভাষীর হাট | ২নং বারশত | =৫,৬৫,০০০/- | =৬,৫১,০৫১/- | =৭,১১,০০০/- | =৬,৮০,৮৯১/- | ২০০০/- |
| ৩ | কালী বাড়ী বাজার | ২নং বারশত | =১,৫০,৪০০/- | =১,৭৪,৯৯৯/- | =২,১১,৫০১/- | =১,৮৯,৭০৫/- | ১০০০/- |
| ৪ | পার্কির হাট | ২নং বারশত | ------------- | ------------- | =৬,২০০/- | =৬,২০০/- | ৫০০/- |
| ৫ | ওয়াহেদ আলী চৌধুরী হাট | ৩নং রায়পুর | =১,১৪,০০০/- | =১,১৮,০১৩/- | =১,৯০,০০০/- | =১,৪৯,১১১/- | ১০০০/- |
| ৬ | জইন্দার হাট | ৩নং রায়পুর | =৬৭,৫০০/- | =১,৫২,২১১/- | =১,৪০,০০০/- | =১,২৭,০৯৮/- | ১০০০/- |
| ৭ | দোভাষীর হাট | ৩নং রায়পুর | =১,৭০,৫০১/- | =২,৩০,০০০/- | =৩,১৩,৩০০/- | =২,৫২,২১০/- | ১২০০/- |
| ৮ | ফকিরের হাট | ৩নং রায়পুর | =৪১,৯৫০/- | =৪৩,৬৫৪/- | =৪৪,৮০০/- | =৪৬,০৭৬/- | ৫০০/- |
| ৯ | বটতলী রুস্তম হাট (পশু বাজারসহ) | ৪নং বটতলী | =২৭,৭৫,০০০/- | =৩৮,২১,০০০/- | =৪৫,১১,০০০/- | =৩৯,২৪,৪৭৩/- | ৮৬০০/- |
| ১০ | আন্নর আলী সিকদার হাট | ৪নং বটতলী | =৪,১২,০০০/- | =৫,৫৩,৫১১/- | =৫,৮৫,৫০০/- | =৫,৪৮,০২৪/- | ১৮০০/- |
| ১১ | কানু মাঝির হাট | ৫নং বরুম চড়া | =৫,৬০০/- | =৫,৭০০/- | =৬,০০০/- | =৬,১১৩/- | ৫০০/- |
| ১২ | হাজির হাট | ৬নং বারখাইন | =৫০,৫০০/- | =৬৩,০০০/- | =৭৫,০০০/- | =৬৬,৬০৩/- | ৫০০/- |
| ১৩ | বারখাইন তৈলারদ্বীপ পশুবাজার | ৬নং বারখাইন | =২,৭৩,৫০,০০০/- | =৫,৩১,০০,০০০/- | =৫,৯১,০০,০০০/- | =৪,৯৩,০৭,৬৬৭/- | ৯৯,৪০০/- |
| ১৪ | জয়কালী বাজার | ৭নং আনোয়ারা | =১৪,৩৭,২০০/- | =১৪,০৬,২০০/- | =১৬,৩৭,৫৫১/- | =১৫,৮৩,২৬৯/- | ৩৮০০/- |
| ১৫ | চাতরী চৌমুহনী বাজার(ঈদুল আযহার পশু বাজারসহ) | ৮নং চাতরী | =৩৭,২৯,৫৫০/- | =৬১,০০,০০০/- | =৬৮,৫৬,৫০০/- | =৫৮,৯৫,৭৩৮/- | ১২৪০০/- |
| ১৬ | কে,বি সাত্তার হাট | ৯নং পরৈকোড়া | =৯,২১,৭০০/- | =১১,৪১,০০০/- | =১০,৪২,০০০/- | =১০,৯৬,৯৯৪/- | ২৮০০/- |
| ১৭ | মামুরখাইন বাজার | ৯নং পরৈকোড়া | =১১,৫০০/- | =১৫,০০০/- | =১৯,০০০/- | =১৬,০৭৭/- | ৫০০/- |
| ১৮ | পালের হাট | ১০নং হাইলধর | =১,১৭,৭৫০/- | =১,৫৪,০০০/- | =১,৩৫,০০০/- | =১,৪৩,৭১৮/- | ১০০০/- |
| ১৯ | মালঘর বাজার | ১০নং হাইলধর | =৪,৫০,০০০/- | =৭,১০,০০০/- | =৯,৬১,০০০/- | =৭,৪৯,৪২০/- | ২২০০/- |
| ২০ | খাসখামা খোদার হাট | ১০নং হাইলধর | ----------- | ------------ | ---------- | =১০৫০/- | ৫০০/- |
| | | মোট | =৩,৯১,৪৭,৯২৪/- | =৬,৯৩,৪০,৪৫০/- | =৭,৭৬,২৬,৩৫২/- | | |

৭২

চলমান পাতা-২

<u>শর্তাবলী :</u>

১. ১৪২৯ বাংলা সনের ১লা বৈশাখ হইতে ৩০শে চৈত্র পর্যন্ত ১(এক) বৎসর মেয়াদকালের জন্য হাট-বাজার ইজারা দেওয়া হইবে।

২. দরপত্র দাতাকে দরপত্রের সহিত দরপত্রে উল্লিখিত দরের ৩০% (শতকরা ত্রিশ ভাগ) অর্থ জামানত হিসাবে যে কোন তফসিলী ব্যাংক হইতে ব্যাংক ড্রাফট/পে-অর্ডার এর মাধ্যমে উপজেলা নির্বাহী অফিসার,আনোয়ারা,চট্টগ্রাম এর অনুকূলে জমা দিতে হইবে। ইহার অন্যথায় দরপত্র সরাসরি বাতিল বলিয়া গণ্য হইবে। উক্ত টাকা হইতে ২৫% অর্থ ইজারা মূল্যের সাথে সমন্বয় করা হইবে এবং বাকী ৫% অর্থ জামানত হিসাবে সংরক্ষিত থাকিবে। ইজারা গ্রহীতা নিয়মিত হাট-বাজার নিজ খরচে পরিষ্কার না করিলে বা অন্য কোন ক্ষতি সাধন করিলে উক্ত জামানত হইতে তাহা মিটানো হইবে। বৎসর সমাপনান্তে অব্যবহৃত টাকা জমাকারীর বরাবর প্রত্যার্পণ করা হইবে।

৩. যাহার দরপত্র গৃহীত হইবে,দরপত্র সংবাদ অবহিত হওয়ার ৭ (সাত) কার্যদিবসের মধ্যে দরপত্রে উল্লিখিত দরের অবশিষ্ট ৭৫%(শতকরা পঁচাত্তর ভাগ) অর্থ মোট দাখিলকৃত দরের উপর অতিরিক্ত ৫% (শতকরা পাঁচ ভাগ) অর্থ ''আয়কর'' এবং ১৫% (শতকরা পনের ভাগ) অর্থ ভ্যাট অবশ্যই একই সঙ্গে পরিশোধ করিতে হইবে ,অন্যথায় হাট-বাজারের জন্য জমাকৃত জামানত বাজেয়াপ্তপূর্বক পুনরায় ইজারা কার্যক্রম গ্রহণ করা হইবে।

৪. প্রাপ্ত দরপত্রের সর্বোচ্চ দর গ্রহণ করা হইবে এবং উক্ত অংক যদি সংশিষ্ট হাট-বাজারের সরকারি মূল্যের কম হয় তাহা হইলে পুনরায় দরপত্র আহবান করা হইবে।

৫. এক হাট-বাজারের জন্য ক্রয়কৃত দরপত্র আরেক হাট-বাজারের জন্য দরপত্র হিসাবে ব্যবহার করা যাইবে না। দরপত্র গ্রহণের দিন কোন দরপত্র সিডিউল বিক্রয় করা হইবে না। এক দফার জন্য বিক্রয়কৃত দরপত্র অন্য দফায় আহবানকৃত হাট-বাজারের দরপত্র হিসাবে ব্যবহার করা যাইবে না।

৬. খামের উপর দরপত্রদাতার নাম,ঠিকানা ও বাজারের নাম স্পষ্টভাবে উল্লেখ করিতে হইবে।

৭. সরকার অনুমোদিত টোল আদায়ের হার মোতাবেক টোল আদায় করিতে হইবে। বিনা রশিদে টোল আদায় করা যাইবে না। ইজারাদার নিজ খরচে বাজারে দৃশ্যমান একাধিক স্থানে টোল চার্ট প্রদর্শনের ব্যবস্থা করিবেন।

৮.প্রত্যেক বাজারের জন্য পৃথক পৃথক সীলমোহরকৃত খামে দরপত্র দাখিল করিতে হইবে। দরপত্রদাতাকে দরপত্রের প্রতি পৃষ্ঠায় স্বাক্ষর করিতে হইবে।

৯. ইজারাদার কোনক্রমেই হাট-বাজার অন্যের নিকট সাব-লিজ দিতে পারিবেন না।

১০.ইজারার সম্পূর্ণ অর্থ (ভ্যাট,আয়করসহ) পরিশোধের ০৩ (তিন) কার্যদিবসের মধ্যে ৩০০/=(তিনশত টাকা মাত্র) নন-জুডিশিয়াল ষ্ট্যাম্পে ইজারাদার কর্তৃক ইজারা চুক্তি সম্পাদন করিতে হইবে।

১১. দুই বা ততোধিক দরপত্র দাতার দর সর্বোচ্চ বা একই হইলে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চুড়ান্ত বলিয়া গণ্য হইবে।

১২. ইজারাদার নিজ খরচে হাট-বাজার পরিষ্কার- পরিচ্ছন্ন রাখিবেন।

১৩.ইজারাদার নিজ খরচে একটি পরিদর্শন রেজিষ্টার সংরক্ষণ করিবেন।

১৪. কোন প্রকার ঘষা-মাজা,কাটাকাটি,লেখার উপর লেখা দরপত্র গ্রহণযোগ্য হইবে না।

১৫. নির্ধারিত কর্তৃপক্ষ কর্তৃক হাট-বাজার ইজারা অনুমোদিত না হইলে ইজারা বাতিল বলিয়া গন্য হইবে এবং দখলকৃত সময়ে হারাহারিভাবে ইজারার অর্থ কর্তনপূর্বক বাকী অর্থ ইজারাদারকে প্রদান করা হইবে।

১৬. হাট-বাজারের ইজারার টাকা সরকারি দাবী আদায় আইন অনুযায়ী সার্টিফিকেট মামলার মাধ্যমে আদায় করা যাইবে।

১৭. চুক্তিপত্রের যে কোন শর্ত লংঘন করা হইলে ইজারা বাতিল করা যাইবে।

১৮. কোন অবস্থাতেই মহাসড়ক বা সড়কের উপর হাট-বাজার বসানো যাইবে না।

১৯. নির্ধারিত পশুহাট ছাড়া কোন হাট-বাজারে অস্থায়ী পশু হাট বসানো যাইবে না।

২০. কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন দরপত্র গ্রহণ বা বাতিলের ক্ষমতা সংরক্ষণ করেন।

০৮/০৩/২০২২

(শেখ জোবায়ের আহমেদ)
উপজেলা নির্বাহী অফিসার
আনোয়ারা, চট্টগ্রাম।
ফোন: ০৩০২৯-৫৬০০১।
ফ্যাক্স : ০৩০২৯-৫৬০৩৩।
ই-মেইল:unoanwara@mopa.gov.bd

চলমান পাতা-৩

Scanned with CamScanner

স্মারক নং : ০৫.২০.১৫০৪.০০০.১৬.০০৭.২২-৯০৬(২০০)

তারিখ : ০১/০৩/২০২২ খ্রি.

অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরণ করা হইল :

১। মাননীয় সংসদ সদস্য, ২৯০,চট্টগ্রাম-১৩ ও মন্ত্রী, ভূমি মন্ত্রণালয়, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার।

২। সিনিয়র সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরণ করা হইল :

১। জেলা প্রশাসক,চট্টগ্রাম।

২। উপ-পরিচালক,স্থানীয় সরকার শাখা,জেলা প্রশাসকের কার্যালয়,চট্টগ্রাম।

৩। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, আনোয়ারা, চট্টগ্রাম।

৪। ভাইস চেয়াম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, আনোয়ারা,চট্টগ্রাম।

৫। সহকারী কমিশনার (ভূমি),আনোয়ারা,চট্টগ্রাম।

৬। অফিসার ইনচার্জ,আনোয়ারা থানা,চট্টগ্রাম।

৭। উপজেলা--------------------------------------------------------কর্মকর্তা (সকল), আনোয়ারা,চট্টগ্রাম।

৮। ব্যবস্থাপক,সোনালী ব্যাংক লিমিটেড,আনোয়ারা শাখা,চট্টগ্রাম।

৯। সহকারী প্রোগ্রামার,উপজেলা তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ,আনোয়ারা,চট্টগ্রাম। (উপরোক্ত বিজ্ঞপ্তিটি উপজেলার ওয়েবসাইটে প্রকাশ করার জন্য অনুরোধ করা হইল।)

১০। চেয়ারম্যান,------------------------- ইউনিয়ন পরিষদ (সকল), আনোয়ারা, চট্টগ্রাম। (উপরোক্ত বিজ্ঞপ্তিটি তার আওতাধীন হাট-বাজারে ঢোল সহরতের মাধ্যমে ব্যাপক প্রচার করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য অনুরোধ করা হইল।)

১১।ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা,--------------------ইউনিয়ন ভূমি অফিস (সকল), আনোয়ারা, চট্টগ্রাম। (উপরোক্ত বিজ্ঞপ্তিটি তার আওতাধীন হাট-বাজারে ঢোল সহরতের মাধ্যমে ব্যাপক প্রচার করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য অনুরোধ করা হইল।)

১২। সম্পাদক, দৈনিক যায় যায় দিন/দৈনিক আজাদী, ঢাকা/চট্টগ্রাম। (উপরোক্ত বিজ্ঞপ্তিটি সংক্ষিপ্তভাবে একদিন তাঁর বহুল প্রচারিত দৈনিক পত্রিকায় প্রকাশ করার জন্য অনুরোধ করা হইল।)

১৩। জনাব -----------------------------------ইজারাদার/প্রাক্তন ইজারাদার----------------- হাট-বাজার,আনোয়ারা,চট্টগ্রাম।

১৪। নোটিশ বোর্ড।

১৫। অফিস নথি।

০১/০৩/২০২২

(শেখ জোবায়ের আহমেদ)
উপজেলা নির্বাহী অফিসার
আনোয়ারা, চট্টগ্রাম।
ফোন: ০৩০২৯-৫৬০০১।
ফ্যাক্স : ০৩০২৯-৫৬০৩৩।
ই-মেইল:unoanwara@mopa.gov.bd

Scanned with CamScanner